হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়




জয়ের জন্মদিনে শাকিব-অপুর আবেগঘন পোস্ট -পৃষ্ঠা-৩

বর্ষ ৩ ঃ সংখ্যা-২৫৪ ঃ মেহেরপুর- রোববার ২৮ সেপ্টেম্বর ২০২৫ ইং ঃ ১৩ আশ্বিন ১৪৩২ বাংলা ঃ ৫ রবি,সানি ১৪৪৭ হিজরি ঃ পৃষ্ঠা-০৪ মূল্য-৪.০০ টাকা www.amadersurjodoy.com



## মালয়েশিয়া থেকে দেশে ফিরলেন সেনাপ্রধান

নিজস্ব প্রতিবেদক

মালয়েশিয়ায় অনুষ্ঠিত ইন্দো-প্যাসিফিক আর্মি চিফস্ কনফারেন্সে অংশগ্রহণ শেষে সেনাবাহিনী প্রধান জেনারেল ওয়াকার-উজ-জামান দেশে ফিরেছেন।

গতকাল শুক্রবার (২৬ সেপ্টেম্বর) রাতে তিনি ঢাকায় পৌঁছান বলে শনিবার (২৭ সেপ্টেম্বর) আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) এক প্রেস বিজ্ঞপ্তিতে জানায়। গত ২৩-২৬ সেপ্টেম্বর পর্যন্ত অনুষ্ঠিত এ সম্মেলনে ইন্দো-প্যাসিফিক অঞ্চলের সেনাপ্রধানরা মৈত্রী ও সহযোগিতা জোরদার, অভিন্ন

২-এর পৃষ্ঠা দেখুন

# ভেজাল ওষুধের ঝুঁকিতে মেহেরপুরবাসী

## অবাধে বিক্রি হচ্ছে

নিজস্ব প্রতিবেদক



সারা দেশের মতো মেহেরপুরেও ভেজাল, নিম্নমান ও নিষিদ্ধ ওষুধের অবাধ বিক্রি থামেনি। ওষুধ প্রশাসন অধিদফতর একাধিক ওষুধের নিবন্ধন বাতিল করলেও ফার্মেসিগুলোতে সেসব ওষুধ এখনও সহজেই পাওয়া যাচ্ছে। শুধু তাই নয়, জেলা শহর থেকে প্রত্যন্ত গ্রামাঞ্চলের মুদি দোকান, পান ও বিড়ির দোকানেও এসব ক্ষতিকর ওষুধ বিক্রি হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গেছে, শিশুদের বদহজম ও পেটে ব্যথানাশক হিসেবে ব্যবহৃত 'গ্রাইপো' ওষুধ বহু আগেই নিষিদ্ধ করা হলেও মেহেরপুর শহরের কয়েকটি দোকানে এখনো বিক্রি হচ্ছে। একইভাবে খুলনা ও ঢাকার মিটফোর্ড মার্কেট থেকে সংগৃহীত নানা নিম্নমানের ওষুধও জেলায় সরবরাহ হচ্ছে। ফার্মেসির কিছু অসাধু মালিক আসল ওষুধের প্যাকেটের আদলে ভেজাল ওষুধ বাজারজাত করছেন। যেমন, মেট্রোনিডাজল-৫০০ মি.গ্রা ট্যাবলেট আসলটির দাম ১ টাকা ৩০ পয়সা হলেও ভেজাল সংস্করণ মাত্র ২০-২৫ পয়সায় কিনে একই দামে বিক্রি করা হচ্ছে। কিটোরোলাক ব্যথানাশক আসলটির দাম প্রতিটি ১০ টাকা, অথচ ভেজালটি ১ টাকায় কিনে ১০ টাকায় বিক্রি হচ্ছে। ক্যাটগাড সেলাই সুতো আসলটির দাম ২৫০-৩০০ টাকা হলেও ভেজালটি মাত্র ৪০-৫০ টাকায় কিনে আসল দামে বিক্রি হচ্ছে। সেফট্রিএকজন ইনজেকশন-১ গ্রাম ৬০ টাকায় কিনে ১৯০ টাকায় বিক্রি হচ্ছে ভেজাল পণ্য। এ ছাড়া দামি কোম্পানির মোড়ক নকল করে বাজারজাত করা হচ্ছে ভিটামিন, ক্যালসিয়াম, এন্টিবায়োটিক ও যৌন উত্তেজক নানা ওষুধ। মেহেরপুর ওষুধ বিক্রয় প্রতিনিধির একজন বলেন, "প্রায় অর্ধশতাধিক কোম্পানি সরাসরি প্রতারণা করে ওষুধ বিক্রি করছে। শুধু নিম্নমানের কোম্পানিগুলোই নয়, অনেক প্রতিষ্ঠিত ডাক্তারও এতে জড়িত। তারা নগদ টাকা ও বিভিন্ন উপঢৌকন নিয়ে এসব কোম্পানির ওষুধ রোগীদের প্রেসক্রিপশনে লিখছেন।" তার দাবি, এসব ভেজাল ওষুধ খেয়ে মানুষের শতকরা ২৫ ভাগও উপকার পাচ্ছেন না। বরং দীর্ঘমেয়াদি স্বাস্থ্যঝুঁকিতে পড়ছেন সাধারণ রোগীরা।

মেহেরপুর ড্রাগ সুপার জানান, বাজারে থাকা ওষুধের প্রায় ২০ শতাংশই মানহীন। কিন্তু তদারকি না থাকায় এ ধরনের প্রতারণা বন্ধ হচ্ছে না। স্থানীয়রা অভিযোগ করেছেন, ভেজাল ওষুধের এ বাজার মূলত ঢাকার মিটফোর্ড ও খুলনার হেরাজ মার্কেট থেকে নিয়ন্ত্রিত হচ্ছে। সেখান থেকে মেহেরপুরসহ দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাগুলোতে সরবরাহ করা হচ্ছে নিম্নমানের এসব ওষুধ। চিকিৎসকরা সজিবুল হক ব জানান, রোগীরা বাড়তি ওষুধ সেবন করেও সুস্থ হচ্ছেন না। এতে চিকিৎসা ব্যয় যেমন বাড়ছে, তেমনি রোগের জটিলতাও বাড়ছে। বিশেষজ্ঞরা মনে করেন, ওষুধ প্রশাসন অধিদফতরের কঠোর নজরদারি ছাড়া এ পরিস্থিতি থেকে মুক্তি পাওয়া সম্ভব নয়।

## শিক্ষাবিদ ও সমাজসেবক আব্দুল জলিলের চির বিদায়

নিজস্ব প্রতিবেদক



মেহেরপুর সদর উপজেলার আমঝুপি দক্ষিণপাড়ার বিশিষ্ট শিক্ষাবিদ ও সমাজসেবক, মুজিবনগর সরকারি ডিগ্রি কলেজের প্রতিষ্ঠাতা অধ্যক্ষ আব্দুল জলিল (৭৩) পাড়ি জমিয়েছেন না ফেরার দেশে। গতকাল শনিবার সকাল ৭টায় ঢাকার নিউরো সাইন্স হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় তিনি শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।মরহুম গত মঙ্গলবার ব্রেন স্ট্রোকজনিত কারণে অসুস্থ হয়ে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি হন। পরে উন্নত চিকিৎসার জন্য তাকে ঢাকায় স্থানান্তর করা হয়। আব্দুল জলিল শুধু একজন শিক্ষাবিদ ছিলেন না; তিনি স্থানীয় ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠানে দীর্ঘদিন অবদান রেখেছেন। তিনি আমঝুপি কেন্দ্রীয় ঈদগাহের সভাপতি, ফাজিল মাদ্রাসার সহ-সভাপতি, মহিলা হেফজখানার সাধারণ সম্পাদক এবং দক্ষিণপাড়া মসজিদের সাধারণ সম্পাদক হিসেবে দায়িত্ব পালন করেছেন। মুজিবনগর ডিগ্রি কলেজের প্রতিষ্ঠা ও সরকারি করণের ক্ষেত্রে তার অবদান বিশেষভাবে স্মরণীয়। শনিবার সন্ধ্যায় আমঝুপি মাদ্রাসা সংলগ্ন করবস্থানে জানাযা শেষে মরহুমকে দাফন করা হয়। তিনি স্ত্রী, দুই ছেলে, নাতি-নাতনিসহ অসংখ্য গুণগ্রাহী রেখে গেছেন। মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ ড. প্রফেসর নজরুল ইসলাম, মুজিবনগর সরকারি কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর ইসমাইল হোসেন, মেহেরপুর

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনীতে পূজামণ্ডপ পরিদর্শন করলেন জেলা প্রশাসক

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর জেলার গাংনীতে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে পূজামণ্ডপ পরিদর্শন করেছেন জেলা প্রশাসক ড. আব্দুল সালাম। গতকাল শনিবার সন্ধ্যায় তিনি গাংনী কেন্দ্রীয় পূজা মণ্ডপে গিয়ে ভক্ত-দর্শনার্থী ও আয়োজকদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় করেন। পূজামণ্ডপে পৌঁছে জেলা

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে ইয়াবাসহ আটক-১

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলা রামনগর গ্রামে অভিযান চালিয়ে ৪৬ পিস ইয়াবাসহ রানা (৩২) নামের এক মাদক কারবারিকে আটক করেছে র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব-১২)।গতকাল শনিবার বিকেলে এ অভিযান পরিচালনা করা হয়। আটকৃত রানা রামনগর গ্রামের আইন উদ্দিনের ছেলে। র‍্যাব-১২ এর মেহেরপুর সিপিসি-৩ এর কোম্পানি কমান্ডার ওয়াহিদুজ্জামান জানান, গোপন সংবাদের ভিত্তিতে জানা যায় রানা নিজ বাড়িতে ইয়াবাসহ অবস্থান করছে। পরে র‍্যাব সদস্যরা সেখানে অভিযান চালিয়ে ৪৬ পিস ইয়াবাসহ তাকে

২-এর পৃষ্ঠা দেখুন



## মুজিবনগরে ধানের শীষের পক্ষে গণজাগরণ

নিজস্ব প্রতিবেদক

মুজিবনগরের মোনাখালী, বিদ্যাধরপুর ও দারিয়াপুর বাজারে শনিবার বিকেলটা যেন হয়ে উঠেছিল ধানের শীষের পক্ষে এক জাগরণমুখর বিকেল। হাতে লিফলেট, কণ্ঠে স্লোগান বিএনপির আয়োজনে ছিল গণসংযোগ, পথসভা আর ভবিষ্যতের স্বপ্ন দেখার ডাক।

সভামঞ্চে দাঁড়িয়ে নেতারা স্মরণ করালেন বিএনপির ঘোষিত ৩১ দফার

২-এর পৃষ্ঠা দেখুন

## মেহেরপুরে রেড ক্রিসেন্টের দুর্যোগ প্রশিক্ষণ শুরু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে রেড ক্রিসেন্ট সোসাইটির উদ্যোগে চার দিনব্যাপী দুর্যোগ প্রশিক্ষণ উদ্বোধন করা হয়েছে। শনিবার সকাল সাড়ে ৯টায় জেলা পরিষদ মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক ড. মোহাম্মদ আবদুল সালাম। জেলা প্রশাসক তার বক্তব্যে বলেন, "প্রতিটি দুর্যোগে মানবিক সহায়তা প্রদানে রেড ক্রিসেন্টের ভূমিকা অত্যন্ত প্রশংসনীয়। দুর্যোগ মোকাবিলায় প্রশিক্ষিত যুব সমাজই সবচেয়ে বড় সম্পদ।"

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক

২-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে বিএনপি'র গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে মেহেরপুরে শনিবার বিকেলে বিএনপি গণসংযোগ ও পথসভা করেছে। সদর উপজেলার বারাদি বাজারে বিএডিসি কার্যালয় থেকে মিছিল বের হয়ে প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে একই স্থানে ফিরে আসে। পরে সেখানে পথসভা

২-এর পৃষ্ঠা দেখুন



## গাংনী শহরে সৌন্দর্যবর্ধন কার্যক্রমের উদ্বোধন

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনীতে উপজেলা প্রশাসন ও পৌরসভার উদ্যোগে শহরের প্রধান সড়কগুলোর দু'পাশে সৌন্দর্য বর্ধনের কাজ শুরু হয়েছে। গতকাল শনিবার সকালে এ কার্যক্রমের উদ্বোধন করেন গাংনী উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক আনোয়ার হোসেন। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন গাংনী পৌরসভার প্রকৌশলী শামীম রেজা, পৌরসভার কর্মকর্তা-কর্মচারী ও এলাকার গণ্যমান্য ব্যক্তিরা। উদ্বোধনের পরপরই শহরের বিভিন্ন সড়কে ময়লা-আবর্জনা পরিষ্কার

২-এর পৃষ্ঠা দেখুন

## গাংনীতে পানিতে ডুবে স্কুলছাত্রের মৃত্যু

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরের গাংনী উপজেলার তেঁতুলবাড়িয়া গ্রামে ইছামতি নদীতে গোসল করতে নেমে পানিতে ডুবে ইয়াকুব হোসেন (১২) নামের এক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীর মৃত্যু হয়েছে। গতকাল শনিবার দুপুর ২টার দিকে এ দুর্ঘটনা ঘটে। ইয়াকুব তেঁতুলবাড়িয়া গ্রামের বোলতোল বাজারপাড়ার ইয়ারুল ইসলামের ছেলে এবং স্থানীয় সরকারি প্রাথমিক বিদ্যালয়ের চতুর্থ শ্রেণির ছাত্র। স্থানীয় যুবক শাহিন জানান, ইয়াকুব তার দুই বন্ধুকে নিয়ে নদীতে গোসল করতে যায়। গোসলের একপর্যায়ে তিনজনই পানিতে ডুবে যেতে থাকলে তিনি দৌড়ে গিয়ে দুজনকে উদ্ধার করতে

২-এর পৃষ্ঠা দেখুন



## দুর্গাপূজায় গাংনীতে কঠোর নিরাপত্তায় আনসার-ভিডিপি

নিজস্ব প্রতিবেদক

আসন্ন শারদীয় দুর্গাপূজা-২০২৫ উপলক্ষে মেহেরপুরের গাংনী উপজেলায় পূজা মণ্ডপগুলোতে কঠোর নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।গতকাল শনিবার সকালে উপজেলা আনসার ও ভিডিপি কার্যালয়ের উদ্যোগে দায়িত্বপ্রাপ্ত সদস্যদের নিয়ে ব্রিফিং অনুষ্ঠিত হয়। ব্রিফিং পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) ও পৌর প্রশাসক আনোয়ার হোসেন। এ সময় উপজেলা আনসার ভিডিপি

২-এর পৃষ্ঠা দেখুন

## দলমত নির্বিশেষে সংস্কার এগিয়ে নেবে বাংলাদেশ জাতিসঙ্ঘে ড. মুহাম্মদ ইউনূস

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসঙ্ঘ সাধারণ পরিষদের ৮০তম অধিবেশনে ভাষণ দিয়েছেন অন্তর্বর্তী সরকারের প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূস। তিনি দৃঢ়ভাবে ঘোষণা করেছেনড়বাংলাদেশ আর কখনো স্বৈরশাসনের পথে ফিরবে না। দলমত নির্বিশেষে গঠিত ঐকমত্যের ভিত্তিতেই দেশের গণতন্ত্র ও সংস্কার কার্যক্রম টেকসইভাবে এগিয়ে যাবে। ড. ইউনূস বলেন, জনগণের আত্মত্যাগে অর্জিত ন্যায়ভিত্তিক রাষ্ট্র কাঠামো পুনর্গঠনের প্রক্রিয়াকে কোনো শক্তিই আর বাধাগ্রস্ত করতে পারবে না। তিনি স্মরণ করিয়ে দেন ১৯৭১ সালের মুক্তিযুদ্ধ এবং ২০২৪ সালের জুলাই গণঅভ্যুত্থানের কথা, যা বৈষম্যমুক্ত ও ন্যায়ভিত্তিক সমাজ বিনির্মাণের নতুন পথ উন্মোচন করেছে। প্রধান উপদেষ্টা জানান, অন্তর্বর্তী সরকার নির্বাহী আদেশে সংস্কার চালানোর সহজ পথ না বেছে নিয়েছে বরং কঠিন পথ অন্তর্ভুক্তিমূলক ও টেকসই প্রক্রিয়া। এজন্য বিচার বিভাগ, শাসনব্যবস্থা, নির্বাচন, জনপ্রশাসন, আইনশৃঙ্খলা, দুর্নীতি দমন ও নারী অধিকারসহ

২-এর পৃষ্ঠা দেখুন

মেসার্স এ. আর. এন্টারপ্রাইজ
প্রোঃ মোঃ আলতাফ হোসেন
এখানে পাওয়া যায়
✓ সকল প্রকার ক্রোকারিজ সামগ্রী
✓ প্লাস্টিক সামগ্রী
খুচরা ও পাইকারি বিক্রয়করা হয়।
কাঁসারী বাজার, মেহেরপুর।
০১৯২২-৬৪৫২১৮, ০১৭০৯-১০৯১৯১
পরিবেশক
• কিয়াম মেটাল ইন্ডাস্ট্রিজ
• আর এফ এল
• আকিজ সিরামিক

অনুবাক্য

মামুনুর রশিদ মামুন

খবর {একক প্রার্থী চূড়ান্তে
তৎপর বিএনপি}
চমক এবার থাকবে নাকি
মেহেরপুরের ভোটে
হাওয়াই নাকি ভাসছে কথা
বলছে এখন লোকে।
ভোটের মাঠ গরম করে
ছুটছে ভোটারের বাড়ি
কেউ বলছে ধানের শীষ
কেউবা বলছে দাঁড়ি।
পাঁচ দফার দাবি নিয়ে
একদলের জোট
মার্কা শুধু থাকবে তাদের
দিতে হবে পিআরে ভোট।
৩১ দফা দাবি নিয়ে
আরেক দলের জোট
মার্কাসহ থাকতেই হবে
প্রার্থী কে দিতে হবে ভোট ।





## মেহেরপুরে কারিগরি শিক্ষার্থীদের উদ্ভাবনী প্রতিযোগিতা

নিজস্ব প্রতিবেদক

কারিগরি শিক্ষার্থীদের মেধা, সৃজনশীলতা ও উদ্ভাবনী শক্তিকে বিকশিত করার লক্ষ্যে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে অনুষ্ঠিত হলো "স্কিলস অ্যান্ড ইনোভেশন কম্পিটিশন ২০২৫" এর প্রাতিষ্ঠানিক পর্ব। শনিবার দিনব্যাপী এ আয়োজনে প্রতিষ্ঠানটির চারটি ট্রেড থেকে

২-এর পৃষ্ঠা দেখুন

## কনফার্ম ফেব্রুয়ারিতে নির্বাচন হবে: ফখরুল

সূর্যোদয় প্রতিবেদন

বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর বলেছেন, রাজনৈতিক দলগুলোর মধ্যে ফেব্রুয়ারিতে নির্বাচন নিয়ে কোনো সংশয় নেই। তিনি জানান, তারা দৃঢ়ভাবে বিশ্বাস করছেন ২০২৬ সালের ফেব্রুয়ারিতেই নির্বাচন অনুষ্ঠিত হবে। নিউইয়র্কের ম্যানহাটনের গ্র্যান্ড হায়াত হোটেলে স্থানীয় সময় শুক্রবার সাংবাদিকদের সঙ্গে আলাপকালে ফখরুল বলেন, "প্রধান উপদেষ্টার ভাষণে বিষয়টি খুবই জোরালোভাবে উঠে এসেছে। আমরা অন্তত কোনো সংশয় রাখি না। যারা রাজনৈতিক দলগুলো আছি,

২-এর পৃষ্ঠা দেখুন





## আমঝুপি নুরাণী ও হাফিজিয়া মাদ্রাসায় অভিভাবক সমাবেশ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি নুরাণী ও হাফিজিয়া মাদ্রাসায় অভিভাবক সমাবেশ ও পুরস্কার বিতরণ অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার (২৭ সেপ্টেম্বর) সকাল ১০টায় মাদ্রাসা প্রাঙ্গণে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মাদ্রাসার সভাপতি সামছুল হুদা শিশির। প্রধান অতিথি ছিলেন মাদ্রাসা পরিচালনা পরিষদের উপদেষ্টা মোঃ জহিরুল ইসলাম খান। বিশেষ

২-এর পৃষ্ঠা দেখুন

সু- খবর সু- খবর সু- খবর
আপনার স্বপ্নের অফিসিয়াল স্মার্ট ফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন এক ছাদের নিচে।
আমাদের কাছে পাচ্ছেন -
■ অথেনটিক প্রোডাক্ট
■ সেরা দাম
■ নির্ভরযোগ্য সেবা
মোবাইল স্টেশন
তাই আর দেরি না করে আপনার প্রয়োজনীয় অফিসিয়াল যে কোনো স্মার্টফোন + ফিচার ফোন এবং গ্যাজেট গুলি এখন-ই সংগ্রহ করুন আমাদের কাছ থেকে নিশ্চিন্তে।
আমাদের ঠিকানা: মোবাইল স্টেশন প্রধান সড়ক,মেহেরপুর
হেল্পলাইন: ০১৭১২৫১১১৮১
আপনার হাতে থাকা পুরোনো মোবাইল ফোনটি এক্সচেঞ্জ করতে পারেন খুব সহজেই।
■ বিঃদ্রঃ- আমরা কোন অবস্থায় রিফারবিষ্ট বা ক্লোন মোবাইলবিক্রি করিনা।

হৃদয়ে লাল সবুজ

# আমাদের সূর্যোদয়

ঢাকা ॥ রোববার ॥ ১৩ আশ্বিন ১৪৩২ বাংলা ॥ ২৮ সেপ্টেম্বর ২০২৫ইং

# পলাতক আওয়ামী লীগ নেতাদের অবস্থান কোথায়



সূর্যোদয় প্রতিবেদন

আগস্টের সরকার পতনের পর দেশজুড়ে আওয়ামী লীগের নেতৃত্ব কার্যত ভেঙে পড়েছে। সাধারণ মানুষের ক্ষোভ ও জনরোষে দলটির শীর্ষ নেতারা দেশ ছাড়তে বাধ্য হয়েছেন। বর্তমানে দলের কেন্দ্রীয় ও সহযোগী সংগঠনের বড় অংশের নেতারা বিদেশে আত্মগোপনে রয়েছেন। দেশে কেবলমাত্র তৃণমূল পর্যায়ের কিছু কর্মী-সমর্থকই সক্রিয় আছেন, কিন্তু কেন্দ্রীয় নেতৃত্ব কার্যত অনুপস্থিত। আওয়ামী লীগের প্রতি সাধারণ মানুষের ক্ষোভের কারণে যে তিন-চার জনের নাম সম্প্রতি শোনা যাচ্ছে তারাও নৌকার হাল ধরতে সাহস পাবে বলে মনে হয় না। বাকি যারা বিদেশে থেকে আওয়ামী লীগের পুনর্বাসনের স্বপ্ন দেখিয়ে যাচ্ছেন, তারা দিন দিন হাস্যকর হয়ে উঠছেন। আওয়ামী লীগের ৮১ সদস্যের কেন্দ্রীয় কমিটির মধ্যে সভাপতিমণ্ডলীর ১৯ সদস্যের একজন মতিয়া চৌধুরী প্রয়াত হয়েছেন। বাকি সদস্যদের মধ্যে ইঞ্জিনিয়ার মোশারফ হোসেন, কাজী জাফরউল্লাহ, আব্দুল রাজ্জাক, ফারুক খান, শাজাহান খান, মোস্তফা জালাল মহিউদ্দিন ও কামরুল ইসলাম বর্তমানে কারাগারে। এছাড়া যুগ্ম সাধারণ সম্পাদক দীপু মনি, সাংগঠনিক সম্পাদক আহমদ হোসেন এবং প্রচার ও প্রকাশনা সম্পাদক আব্দুস সোবান গোলাপও আটক রয়েছেন। তথ্য অনুযায়ী আওয়ামী লীগের অধিকাংশ নেতা ভারত, যুক্তরাজ্য, যুক্তরাষ্ট্র, দুবাই ও কানাডা এই পাঁচ দেশে পালিয়ে গিয়ে অবস্থান করছেন । এর মধ্যে ভারতে রয়েছেন ২/৩ শত জনেরও বেশি। আবার কিছু নেতা আছেন অন্য দেশ থেকে ভারতে আসা-যাওয়া করেন। বিদেশে আত্মগোপনে থাকা নেতারা ইতিমধ্যে দেশ-বিদেশে থাকা অন্যদের সঙ্গে যোগাযোগের একটি নেটওয়ার্ক তৈরি করেছেন। কেউ কেউ দলীয় প্রধান শেখ হাসিনার সঙ্গে যোগাযোগ রক্ষা করে চলছেন। শেখ হাসিনার দিল্লি অবস্থান বিষয়টি নিশ্চিত। একই শহরে দলের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরও আছেন বলে জানা গেছে। তবে ওবায়দুল কাদের সঙ্গে অন্যদের খুব একটা যোগাযোগ নেই, তিনি অনেকটাই বিচ্ছিন্ন। অনেকেই তার রাজনীতি শেষ বলে মনে করেন। জানা গেছে, ভারতের পশ্চিমবঙ্গের কলকাতায় বেশিরভাগ কেন্দ্রীয় ও সহযোগী সংগঠনের নেতা এবং সাবেক মন্ত্রীরা অবস্থান করছেন। এর মধ্যে জাহাঙ্গীর কবির নানক, মোফাজ্জল হোসেন চৌধুরী মায়া, সাবেক স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খান কামাল, যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাসিম, সাবেক শিক্ষামন্ত্রী মহিবুল হাসান চৌধুরী, তথ্য ও গবেষণা সম্পাদক সেলিম মাহমুদ কলকাতায় বসে বেশ তৎপর রয়েছেন বলে জানা গেছে।

৩-এর পৃষ্ঠা দেখুন

জীবন ধারা



## দুর্গোৎসবে চাপ নয়, চাই শান্ত মন

সূর্যোদয় প্রতিবেদন

সামনেই দুর্গোৎসব। উৎসব মানেই আনন্দ, মিলন আর উদযাপন। তবে অনেকের কাছে এই সময়টা বাড়তি উদ্বেগও নিয়ে আসে। পারিবারিক প্রত্যাশা, সামাজিক প্রতিশ্রুতি, নিখুঁত আয়োজন সব মিলিয়ে মানসিক চাপ বাড়ে। আনন্দ ধরে রাখতে তাই প্রয়োজন সচেতনতা।

উৎসবে মানসিক চাপ কমাতে কিছু সহজ উপায় হলো পরিকল্পনা ও অগ্রাধিকার দিন : সামর্থ্য অনুযায়ী কেনাকাটা ও প্রতিশ্রুতির তালিকা তৈরি করুন। সবচেয়ে গুরুত্বপূর্ণ কাজগুলো আগে শেষ করুন। এতে শেষ মুহূর্তের দুশ্চিন্তা কমবে। শ্বাস-প্রশ্বাসের ব্যায়াম করুন: উদ্বেগ বেড়ে গেলে ২-৩ মিনিট গভীর শ্বাস নিন। এতে স্নায়ুতন্ত্র শান্ত হয়, মন স্থির থাকে। স্বাস্থ্যকর রুটিন বজায় রাখুন: পর্যাপ্ত ঘুম, হালকা ব্যায়াম ও পুষ্টিকর খাবার মানসিক চাপ কমায়। এমনকি ১০ মিনিট হাঁটা বা স্ট্রেচিংও কার্যকর হতে পারে। সামাজিক যোগাযোগমাধ্যমে সময় সীমিত করুন : অন্যের সঙ্গে তুলনা না করে নিজের ছোট ছোট মুহূর্তগুলো উপভোগ করুন। এতে অপ্রয়োজনীয় মানসিক চাপ কমবে। না বলতে শিখুন : শরীর-মন ক্লান্ত

৩-এর পৃষ্ঠা দেখুন



## মেহেরপুরে জামায়াতে ইসলামীর গণসংযোগ

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুর সদর উপজেলার পিরোজপুর ইউনিয়নের সোনাপুর ও টঙ্গী গ্রামে বাংলাদেশ জামায়াতে ইসলামী জেলা শাখার উদ্যোগে গণসংযোগ অনুষ্ঠিত হয়েছে। গতকার শনিবার বিকালে গ্রামের বিভিন্ন সড়ক ও ব্যবসা প্রতিষ্ঠানে এ কর্মসূচি অনুষ্ঠিত হয়। গণসংযোগ কর্মসূচির নেতৃত্ব দেন মেহেরপুর জেলা জামায়াতে আমীর ও মেহেরপুর-১ আসনের প্রার্থী মাওলানা তাজউদ্দিন খান। এছাড়াও মেহেরপুর শ্রমিক ফেডারেশনের জেলা সভাপতি আব্দুর রউফ মুকুল, সদর উপজেলার সেক্রেটারি ও আমঝুপি ইউনিয়ন চেয়ারম্যান প্রার্থী জাব্বারুল ইসলাম মাষ্টার, সদর সভাপতি আব্দুল হোসেন এবং পিরোজপুর ইউনিয়নের স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। কর্মসূচিতে আসন্ন রাজনৈতিক কর্মকাণ্ডে জনসম্পৃক্ততা বাড়ানো এবং দলীয় প্রার্থীর পক্ষে সমর্থন বৃদ্ধির আহ্বান জানানো হয়।

## চুয়াডাঙ্গায় ৫৭০০ পিস ইয়াবাসহ আটক এক

নিজস্ব প্রতিবেদক

চুয়াডাঙ্গা জেলা গোয়েন্দা পুলিশ শুক্রবার রাতে জেলা শহরের জোয়ার্দ্দারপাড়া এলাকায় এক বিশেষ অভিযানে নাজমুল হোসাইন (৩৮) নামের মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করেছে। অভিযানকালে তার কাছ থেকে খাকি রঙের কসটেপে মোড়ানো ৩০টি প্যাকেটে রাখা ৫ হাজার ৭০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়, যার বাজার মূল্য প্রায় ১৮ লাখ টাকা। গ্রেপ্তার নাজমুল হোসাইন চুয়াডাঙ্গার দামুড়হুদা উপজেলার রামনগর ক্লাবপাড়ার মৃত মনোয়ার হোসেনের ছেলে। পুলিশ সুপার খন্দকার গোলাম মওলা বিপিএম-সেবার নির্দেশনায় জেলা জুড়ে মাদক ও চোরাচালান বিরোধী অভিযান অব্যাহত রয়েছে। অভিযানে জেলা গোয়েন্দা পুলিশের এসআই জুম্মান খান, এসআই মো.

৩-এর পৃষ্ঠা দেখুন




## মেহেরপুরে বিশ্ব পর্যটন দিবস পালিত

নিজস্ব প্রতিবেদক

মেহেরপুরে বিশ্ব পর্যটন দিবস উপলক্ষে আলোচনা সভা ও র‍্যালি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সকালে জেলা প্রশাসনের উদ্যোগে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। জেলা প্রশাসক ড. মুহাম্মদ আবদুল ছালাম সভার সভাপতিত্ব করেন। সঞ্চালনা করেন অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) তারিকুল ইসলাম। অনুষ্ঠানে বক্তব্য রাখেন অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি) পার্থ প্রতিম শীল, সদর উপজেলা নির্বাহী অফিসার মোঃ খায়রুল ইসলাম, টুরিস্ট পুলিশের পরিদর্শক আরিফুল ইসলাম, জেলা বাস মালিক সমিতির আহ্বায়ক আলমগীর হোসেন ও জেলা রেস্তোরা মালিক সমিতির সভাপতি হাফিজুর রহমান হাফি। এর আগে জেলা প্রশাসক ড. মুহাম্মদ আবদুল ছালাম নেতৃত্বে একটি র‍্যালিও অনুষ্ঠিত

৩-এর পৃষ্ঠা দেখুন

## যশোর রিজিয়নে নতুন পিস অ্যাম্বাসেডর নেটওয়ার্ক গঠন

নিজস্ব প্রতিবেদক

"সংঘাত নয়, শান্তি ও সম্প্রীতির বাংলাদেশ গড়ি" এই প্রতিপাদ্যকে সামনে রেখে যশোর রিজিয়নের যশোর, মেহেরপুর ও কুষ্টিয়ার ৫টি উপজেলার পিস ফ্যাসিলিটেটর গ্রুপ (পিএফজি) এবং পিস অ্যাম্বাসেডরদের সমন্বয়ে পিস অ্যাম্বাসেডরস নেটওয়ার্ক (প্যান) গঠন করা হয়েছে। শনিবার সকালে যশোরের আরআরএফ ট্রেনিং এন্ড রিসোর্স সেন্টারে অনুষ্ঠিত সভার আয়োজন করে দি হাঙ্গার প্রজেক্ট বাংলাদেশ-এর মাল্টি স্টেকহোল্ডার ইনিশিয়েটিভ ফর পিস অ্যান্ড স্ট্যাবিলিটি (এমআইপিএস) প্রকল্প। সভায় সভাপতিত্ব করেন কেশবপুর উপজেলার পিস অ্যাম্বাসেডর অধ্যাপক আলাউদ্দিন, এবং সঞ্চালনা করেন এমআইপিএস প্রকল্পের এরিয়া কো-অর্ডিনেটর এস এম রাজু জবেদ।

সভায় উপস্থিত ছিলেন যশোর

৩-এর পৃষ্ঠা দেখুন



## গাংনী বিএনপি'র সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে মতবিনিময় সভা

মেহেরপুরের গাংনীতে শারদীয় দুর্গাপূজা উপলক্ষে স্থানীয় সনাতন ধর্মাবলম্বীদের সঙ্গে মতবিনিময় সভা করেছে উপজেলা ও পৌর বিএনপি। শনিবার বিকেলে গাংনী বিএনপি কার্যালয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন পৌর বিএনপি সভাপতি মকবুল হোসেন মেঘলা। মেহেরপুর জেলা বিএনপি সভাপতি জাভেদ মাসুদ মিল্টন প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি সনাতন ধর্মাবলম্বীদের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করার অঙ্গীকার ব্যক্ত করেন এবং দুর্গাপূজা শান্তিপূর্ণভাবে সম্পন্ন হবে বলে আশ্বস্ত করেন। সভায় বক্তারা বলেন, দুর্গাপূজা শুধুমাত্র ধর্মীয় উৎসব নয়, এটি জাতীয় সংস্কৃতির অংশ এবং সকলকে মিলেমিশে উৎসব উদযাপনের আহ্বান জানানো হয়েছে।



## জাতিসংঘে নেতানিয়াহুর ভাষণ বয়কট করলেন বিভিন্ন দেশের প্রতিনিধি

সূর্যোদয় প্রতিবেদন

জাতিসংঘের সাধারণ পরিষদের অধিবেশনে ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর ভাষণ বয়কট করেছেন একাধিক দেশের প্রতিনিধি। নিউ ইয়র্কের স্থানীয় সময় শুক্রবার সকালে তিনি ভাষণ শুরু করার আগেই অধিবেশন কক্ষে হইচই শুরু হয়। সিএনএনের প্রকাশিত

৩-এর পৃষ্ঠা দেখুন

## ট্রাম্পের ভিসা নীতি ভারতীয় তরুণদের স্বপ্ন ভেঙে চুরমার

সূর্যোদয় প্রতিবেদন

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন ভিসা নীতির ঘোষণার পর ভারতীয় তরুনদের স্বপ্ন ভেঙে চুরমার হয়ে গিয়েছে। ট্রাম্প প্রশাসন সম্প্রতি ঘোষণা করেছে, যে এইচ-১বি ক্যাটাগরির ভিসায় প্রতিবছর বিপুল সংখ্যক ভারতীয় পেশাজীবী যুক্তরাষ্ট্রে কাজের সুযোগ পেতেন, তার ফি ২০০০-৫০০০ ডলার থেকে বাড়িয়ে এক লাফে করা হয়েছে ১ লাখ ডলার। অর্থাৎ একেকটি ভিসার খরচ এখন মার্কিন কোম্পানিগুলোর জন্য দ্বিগুণেরও বেশি হয়ে দাঁড়াচ্ছে। ফলে ব্যতিক্রমী মেধাবী না হলে

৩-এর পৃষ্ঠা দেখুন




## উন্নয়নে বুলেট ট্রেন না পারলেও এক্সপ্রেস ট্রেন চালু করব: জামায়াত আমির

সূর্যোদয় প্রতিবেদন

জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান বলেছেন, আগামী জাতীয় সংসদ নির্বাচনে দলটি ক্ষমতায় এলে দেশের উন্নয়নে বুলেট ট্রেন চালু করা সম্ভব না হলেও এক্সপ্রেস ট্রেন চালু করা হবে। তিনি বলেন, "আমরা এই ঘুণে ধরা বাংলাদেশ বদলাতে চাই। আমরা

৩-এর পৃষ্ঠা দেখুন

## ভারতে 'আই লাভ মুহাম্মদ' ক্যাম্পেইন ঘিরে উত্তেজনা, উত্তর প্রদেশে আলেম আটক

সূর্যোদয় প্রতিবেদন

ভারতের উত্তর প্রদেশ রাজ্যের বেরেলিতে 'আই লাভ মুহাম্মদ' প্রচারাভিযানকে কেন্দ্র করে নতুন করে উত্তেজনা দেখা দিয়েছে। এ ঘটনায় স্থানীয় আলেম ও ইত্তেহাদে মিল্লাত কাউন্সিলের প্রধান তৌকির রাজাকে শনিবার আটক করেছে পুলিশ। এনডিটিভি জানিয়েছে, সামাজিক যোগাযোগমাধ্যমে প্রচারাভিযানের সমর্থনে ভিডিওবার্তা দেওয়ার পর তাঁর বাড়ির সামনে বিপুলসংখ্যক লোক সমবেত হন। পুলিশের দাবি, জনসমাগম বাড়তে থাকায় পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে।

৩-এর পৃষ্ঠা দেখুন

✨ জামান বস্ত্রালয় ✨

আপনার আস্থার পোশাকের ঠিকানা

- সর্বাধুনিক ফ্যাশনের নান্দনিক সংগ্রহ
- জেন্টস, লেডিস ও বাচ্চাদের জন্য মানসম্মত পোশাক
- সালোয়ার-কামিজ, থ্রি-পিস, শাড়ি, পাঞ্জাবি, কোটসহ সবকিছু
- ঈদ, পূজা, বিয়ে বা যেকোনো উৎসবের জন্য বিশেষ কালেকশন
- 💯 ন্যায্য দামে গুণগত মানের নিশ্চয়তা

**একবার আসুন, দেখুন – তারপরই বুঝবেন পার্থক্য!**

**ঠিকানা: বড়বাজার, মেহেরপুর**

**যোগাযোগ: 01718 552784, 01673 980044**

প্রযুক্তি

## যুক্তরাজ্যে ফেসবুক-ইনস্টাগ্রামে আসছে বিজ্ঞাপনমুক্ত সংস্করণ

সূর্যোদয় প্রতিবেদন

ফেসবুক ও ইনস্টাগ্রামের ফ্রি সংস্করণ ব্যবহার করতে হলে এখন থেকে বিজ্ঞাপন দেখতে হবে। তবে চাইলে নির্দিষ্ট ফি দিয়ে বিজ্ঞাপনবিহীন অভিজ্ঞতা উপভোগ করতে পারবেন যুক্তরাজ্যের ব্যবহারকারীরা। মার্ক জাকারবার্গের প্রতিষ্ঠান মেটা জানিয়েছে, ওয়েব সংস্করণের জন্য মাসে ২.৯৯ পাউন্ড (প্রায় ৪৮৬ টাকা) ও মোবাইল সংস্করণের জন্য ৩.৯৯ পাউন্ড (প্রায় ৬৪৯ টাকা) ফি দিতে হবে। যেসব ব্যবহারকারীর ফেসবুক ও ইনস্টাগ্রাম অ্যাকাউন্ট একে অপরের সঙ্গে যুক্ত, তাঁদের শুধু একটি সাবস্ক্রিপশন ফি দিলেই চলবে। এর আগে ইউরোপীয় ইউনিয়নেও একই মডেল চালু করে মেটা। তবে ব্যক্তিগত তথ্য ব্যবহারের কারণে ডিজিটাল মার্কেটস অ্যাক্ট



লঙ্ঘনের অভিযোগে প্রতিষ্ঠানটিকে জরিমানা করে ইউরোপীয় কমিশন। যুক্তরাজ্যের তথ্য অধিকার সংস্থা আইসিও (ইনফরমেশন

৩-এর পৃষ্ঠা দেখুন

**মায়ের হাসি ক্লিনিক**

ও নিউ হেলথ্ কেয়ার ল্যাব

**মোতাছিম বিল্লাহ মতু'র বাসা, কাশারীপাড়া, মেহেরপুর।**

পরীক্ষাসমূহ ✅ ই.সি.জি (কম্পিউটারাইজড) ✅ এক্স-রে ✅ আল্ট্রাসনোগ্রাফি ✅ হরমন এনালাইসিস ✅ সকল প্রকার প্যাথলজি পরীক্ষা ✅ মহিলা বিশেষজ্ঞ দ্বারা নরমাল ডেলিভারি, সিজারিয়ান ও সব ধরনের অপারেশন ✅ আধুনিক যন্ত্রপাতি ও যত্নবান সেবা

সিরিয়ালের জন্য যোগাযোগ: রিসিপশন : ০১৩০৬-৯২৫৬২৫
মার্কেটিং - জসিম : ০১৭১৩-৯১২৫৫১ বাপ্পী : ০১৭১২-২১৪১৩১

**নিয়মিত রোগী দেখেন**

শিশুরোগ, শিশুপুষ্টি ও মেডিসিন বিশেষজ্ঞ
**ডাঃ এম.র. মালিক**
এমবিবিএস, ডিসিএইচ (আয়ারল্যান্ড) এমএসসি (পুষ্টি) ডিসিএম, সিসিডি, এমএসসি (সাইকো) এমপিএইচ,আইপিপিএস (অষ্টেলিয়া) সিসিড, পিজিপিএন বোস্টন ইউনিভার্সিটি, আমেরিকা)এফআরএসএম (লন্ডন) এফআরএসএইচ (লন্ডন), এমএএমএস (ভিয়েনা), সিপেড, বিসিএস (স্বাস্থ্য)ফেলো রয়েল সোসাইটি অব মেডিসিন (লন্ডন), রিসার্চ ফেলো-সিঙ্গাপুর ও অস্ট্রেলিয়া এসোসিয়েট প্রফেসর ও বিভাগীয় প্রধান (এক্স) নর্থ বেঙ্গল মেডিকেল কলেজ হসপিটাল
**রোগী দেখেন : প্রতি রবিবার সকাল ৮ টা থেকে দুপুর ২ টা।**

নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
**ডাঃ কানিজ নাঈমা**
এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), ডিসিএইচ (শিশু) জুনিয়র কনসালটেন্ট (শিশু) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, মেহেরপুর।
**রোগী দেখেন: দুপুর ২ টা থেকে ৩ টা। ( শুক্রবার ব্যাতিত)**

প্রসূতি ও স্ত্রীরোগ চিকিৎসক সার্জন ও সনোলজিষ্ট
**ডাঃ রুমানা হেলালী (জুসি)**
এম.বি.বি.এস (ঢাকা), বিসিএস (এফ.পি), ডি.এম.ইউ ই ও সি (অবস্ এন্ড গাইনী), মেডিকেল অফিসার, মা ও শিশু কল্যাণ কেন্দ্র,মেহেরপুর। গাইনী, বন্ধ্যাত্ব, গর্ভবতী, প্রসূতী, কিশোরী ও স্ত্রী রোগের চিকিৎসা করেন।

মেডিকেল প্রাক্টিশনার ও মেডিসিন রোগে অভিজ্ঞ
**ডাঃ মুত্তাকী বিল্লাহ শাফিন**
এমবিবিএস(ডিইউ)
আবাসিক মেডিকেল অফিসার, মায়ের হাসি ক্লিনিক, প্রতিদিন নিয়মিত রোগী দেখেন।

মেডিসিন, ডায়াবেটিস ও সনোলজিস্ট
**ডাঃ এস.এম. আরাফাত আল আকাশ**
এম.বি.বি.এস (ডি.ইউ), সিসিডি (বারডেম), পিজিটি (মেডিসিন), সি এম ইউ (আল্ট্রা) এইচ. এম. ও
রোগী দেখেন: প্রতি শুক্র ও শনিবার সকাল ১০ টা থেকে রাত্রি ৮ টা

হৃদরোগ, মেডিসিন এবং ডায়েবেটিক রোগ বিশেষজ্ঞ



এম.বি.বি.এস (ডি.ইউ) বি.সি.এস (স্বাস্থ্য), ডি-কার্ড কার্ডিওলজি), এফ.সি.পি.এস(মেডিসিন). সি.সি.ডি (বারডেম),এক্স রেসিডেন্ট, কার্ডিওলজি বিভাগ, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল। মেডিকেল অফিসার, জেনারেল হাসপাতাল, মেহেরপুর।

**ডা: মো: শাহিনুর রশিদ**

**চিকিৎসা সেবা সমূহ**

• হৃদরোগ (হার্টের সমস্যা)• হার্ট এ্যাটাক/হার্ট ফেলিউর □ হৃদরোগ জনিত শ্বাসকষ্ট বুক ধড়ফড় করা, • হার্টের ভাল্বের সমস্যা • জন্মগত হার্টের ছিদ্র □ এ্যাজমা ও শ্বাসকষ্ট - বক্ষব্যাধি • ডায়াবেটিস • বাতব্যথা বাতজ্বর • কিডনী রোগ • প্রেসার (উচ্চ রক্তচাপ)• রক্তের কলেষ্টেরল বৃদ্ধি • লিভার ও পরিপাকতন্ত্রের রোগ • জ্বর (দীর্ঘ কালীন)।

**নিয়মিত রোগী দেখছেন ও ইকোকার্ডিওগ্রাফি করছেন শনি থেকে বুধবার বিকাল ৩টা থেকে রাত ৮টা পর্যন্ত।**

**রাবেয়া মেডিকেল সার্ভিসেস, হাসপাতাল গেট, মেহেরপুর**

**সিরিয়ালের জন্য যোগাযোগ রিসিপশন: 01754974466, 01724-787313 মার্কেটিং: 01304-100307, 1304-100308**

কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব

**আসিফ প্লাজা (২য় ও ৩য় তলা), মুজিবনগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সামনে, কেদারগঞ্জ বাজার, মুজিবনগর, মেহেরপুর।**

**সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮**

**উরোলজি বিশেষজ্ঞ**
**ডা. আ. ফ. ম. মুনতাহী রেজা**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস (ইউরোলজি), এমএস (ইউরোলজি)
কিডনি, মূত্রথলী, মূত্রনালী, প্রোস্টেট, অণ্ডকোষ, পুরুষ প্রজননতন্ত্র ও ফিমেল ইউরোলজির রোগের বিশেষজ্ঞ চিকিৎসা ও সার্জারি।
রোগী দেখেন: শনিবার ও রবিবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

**মেডিসিন বিশেষজ্ঞ**
**ডা. মো. আতিকুর রহমান**
এমবিবিএস (ডিএমসি), বিসিএস (স্বাস্থ্য), সিসিডি (বারডেম), এমআরসিপি (ইউকে, পার্ট-১), এফসিপিএস (মেডিসিন) শেষ পর্ব, সহকারী রেজিস্ট্রার, কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতাল
চিকিৎসা দিচ্ছেন: স্ট্রোক, হৃদরোগ, ডায়াবেটিস, বাতব্যথা, বক্ষব্যাধি, হাঁপানি, যক্ষা, লিভার ও রক্তের রোগ, মানসিক রোগ, কিডনি রোগ, গ্যাস্টিক, উচ্চ রক্তচাপ, জন্ডিস, ফ্যাটি লিভারসহ সব ধরনের মেডিসিন সমস্যায়।
রোগী দেখেন: প্রতি মঙ্গলবার (দুপুর ২টা – রাত ৮টা পর্যন্ত)।

**নিউরোসার্জন (মুজিবনগরে প্রথম)**
**ডা. মো. মোক্তাদ্বিরুউল বাশার**
এমবিবিএস, বিসিএস (স্বাস্থ্য),এমএস রেসিডেন্ট, নিউরোসার্জারি (ব্রেইন, নার্ভ, স্পাইন, পেইন), স্পেশাল ট্রেনিং ইন পেইন ম্যানেজমেন্ট, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতা।
ব্রেইন, নার্ভ ও স্পাইন সম্পর্কিত রোগ ও ব্যথার বিশেষজ্ঞ চিকিৎসা।
রোগী দেখেন: প্রতি শুক্রবার (দুপুর ২টা – সন্ধ্যা ৬টা পর্যন্ত)।

সিরিয়ালের : ০১৭৫৭-৮২৮২৭৮
সব ধরনের অপারেশন করা হয়: হার্নিয়া, জরায়ু, পিত্তথলির পাথর, সিজার, অ্যাপেনডিক্স, অর্শ/পাইলস ইত্যাদি।

ডা. মাহাবুব আলম বিপ্লব(সহকারী অধ্যাপক) , ডা. হাসানুজ্জামান নুপুর (বিশেষজ্ঞ সার্জন), ডা. রিচার্ড সরেন (পি.জি.টি সার্জন)

**আধুনিক সুবিধাসম্পন্ন কুদরত-ই-খুদা ক্লিনিক এন্ড ল্যাব-এ অভিজ্ঞ বিশেষজ্ঞ ডাক্তারদের তত্ত্বাবধানে উন্নত চিকিৎসা সেবা পাওয়া যাচ্ছে।**

ভারপ্রাপ্ত সম্পাদক : মাহবুবুল হক পোলেন। আবুল কাসেম অনুরাগী কর্তৃক স্টাডি হাউজ, মহিলা কলেজ রোড, গাংনী, মেহেরপুর থেকে প্রকাশিত ও হাই কোয়ালিটি প্রিন্টার্স ২৯, স্যার ইকবাল রোড, কুস্টিয়া থেকে মুদ্রিত।
সম্পাদকীয় ও বাণিজ্যিক কার্যালয় : প্রধান সড়ক, হোটেল বাজার মোড়, মেহেরপুর-৭১০০। মোবাইল : ০১৭১৪৯৩৮৬৪৭ ই-মেইল : surjonews@gmail .com

হৃদয়ে লাল সবুজ
# আমাদের সূর্যোদয়
মেহেরপুর, রোববার, ২৮ সেপ্টেম্বর ২০২৫ ইং

## ভৈরব নদে শিক্ষার্থীর করুণ মৃত্যু

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর গ্রামে ভৈরব নদে গোসল করতে নেমে ১৫ বছরের নবম শ্রেণির ছাত্র মোহাইমিনুল ইসলামের মৃত্যু আমাদের আবারও স্মরণ করিয়ে দিল নদী ও খালপাড়ের নিরাপত্তা ব্যবস্থার শোচনীয় অভাবের কথা। মাত্র অল্প পানিতে খেলা করতে গিয়ে নদীর পাড় ভেঙে গভীর পানিতে তলিয়ে যাওয়াড়এ দৃশ্য কেবল একটি পরিবারের শোক নয়, বরং একটি সামাজিক ব্যর্থতার প্রতিচ্ছবি। বাংলাদেশের নদীভাঙনপ্রবণ এলাকায় প্রায়ই এ ধরনের দুর্ঘটনা ঘটে। শিশু-কিশোরেরা সাঁতার জানে না, অথচ তাদের অরক্ষিতভাবে নদীতে নামতে দেখা যায়। অভিভাবকরা সচেতন না হলে কিংবা স্থানীয় প্রশাসন ঝুঁকিপূর্ণ স্থানগুলোতে সতর্কতামূলক ব্যবস্থা না নিলে এ ধরনের মৃত্যু চলতেই থাকবে। দুর্ঘটনার পর ফায়ার সার্ভিসের সদস্যরা প্রাণপণ চেষ্টা চালালেও প্রায় ১৮ ঘণ্টা সময় লেগেছে মরদেহ উদ্ধারে। এতে বোঝা যায়, স্থানীয় পর্যায়ে পর্যাপ্ত সরঞ্জাম ও দক্ষ উদ্ধারকর্মীর অভাব এখনো প্রকট। আমাদের প্রশ্ন কেন নদীর ঝুঁকিপূর্ণ স্থানে সতর্কতামূলক সাইনবোর্ড নেই? কেন শিক্ষার্থীদের জন্য সাঁতার শেখাকে বিদ্যালয় পর্যায়ে বাধ্যতামূলক করা হচ্ছে না? এই অজ্ঞতা ও অব্যবস্থাপনার মাশুল দিতে হচ্ছে নিরপরাধ শিশুদের প্রাণ দিয়ে। প্রশাসনকে এখনই এ বিষয়ে পদক্ষেপ নিতে হবে। ১. ভাঙনপ্রবণ নদীপাড় চিহ্নিত করে সেখানে নিরাপত্তা সতর্কবার্তা টাঙানো। ২. স্কুল পর্যায়ে সাঁতার শিক্ষা চালু করা।

৩. স্থানীয় পর্যায়ে উদ্ধার সরঞ্জাম ও প্রশিক্ষিত স্বেচ্ছাসেবক গড়ে তোলা। প্রতিটি অকাল মৃত্যু আমাদের সমাজকে নাড়া দেয়, কিন্তু তার প্রতিকারমূলক ব্যবস্থা যদি না নেই, তবে ইতিহাস শুধু পুনরাবৃত্তি হবে। আমরা আশা করি, মোহাইমিনুলের মৃত্যু হবে সচেতনতার সূচনা, অবহেলার আরেকটি দৃষ্টান্ত নয়।

# মেহেরপুরের সড়কের দখলদার এখন কারা?

মাহবুবুল হক পোলেন



মেহেরপুরের প্রধানসড়কগুলো আজ আর জনসাধারণের নয় এগুলো দখলদার, ব্যবসায়ী সিন্ডিকেট ও পরিবহন মালিকদের ব্যক্তিগত মাঠে পরিণত হয়েছে। ফুটপাত বিক্রি হয়েছে, সড়ক বেচা-খাওয়ার জায়গা হয়ে গেছে, আর প্রশাসন? তারা মাঝে মাঝে নাটকীয়ভাবে অভিযান চালিয়ে ছবি তুলেই বসে থাকে পরের দিন সবকিছু আগের অবস্থায় ফিরে আসে। ফুটপাত আর রাস্তার ধারে দোকান বসিয়ে বন্ধ করে রাখা হয়েছে সাধারণ মানুষের চলাচল। স্কুলগামী শিক্ষার্থী, বৃদ্ধ-বৃদ্ধা সবাই বাধ্য হয়ে রাস্তা জুড়ে হাঁটছে অর্থাৎ জীবন বাজি রেখে তারা আজ পথ পাড়ি দিচ্ছে। বছরের পর বছর এই অবস্থা কেউ যদি প্রশাসনকে জিজ্ঞাসা করে, তারা বলবে 'অভিযান হয়েছে' কিন্তু বাস্তবে উচ্ছেদ হচ্ছে শুধুই ফটোগ্রাফ হিসেবে, স্থায়ী নয়।

হকার ওয়ালাদের দাপট কি জানেন? যেখানে একফুট ফাঁক আছে, সেখানে ভ্যান-ভর্তি শাকসবজি, ফল, কাপড় নামে সড়ককে একেবারেই খেয়ে ফেলেছে। এটা শুধু যানজটে পরিণত করছে না দুর্ঘটনার আমন্ত্রণও জানিয়ে দিচ্ছে। এলাকাবাসীর ভাষায়: "আজ উচ্ছেদ নেই, পরশু আবার দখল" এবং হ্যাঁ, ঠিক তাই হচ্ছে।

আর পরিবহনখাত? বাস, ট্রাক, অটোরিকশা এইসব চালকরা যেন নিজেরাই সড়কের 'স্থানীয় শাসক'। যেখানেই ইচ্ছে গাড়ি থামিয়ে যাত্রী ওঠানামা, সেখানেই পার্কিং বড় গলার কোন মালিক নেই, কোনো শৃঙ্খলা নেই। ফলে সড়ক একেবারে এলোমেলো, আইন মানার প্রশ্নই ওঠে না। এখানে সবচেয়ে বড় কথা এই অবস্থা স্বতঃস্ফূর্তভাবে হয়নি। স্থানীয় পর্যায়ের রাজনৈতিক ও প্রশাসনিক লালফিতার ছোঁয়া আছে বলেই পাঠকরা বলছেন; যে হিসেবটা অন্য শহরে কাজ করে না, এখানে যেন কাজ করছে না প্রশাসন অনেক সময় চোখ বন্ধ করে থাকে, পক্ষপাতীরা সুবিধাভোগ করে। কিছু ক্ষেত্রে প্রশাসন-রাজনীতির বিরুদ্ধে অভিযোগ উঠেছে যে উচ্ছেদ অভিযানও পরিণত হচ্ছে বিকল্প 'দাবানল আতশবাজি' অর্থাৎ খালি করে আবার পুরে দেয়া। এ ধরনের অভিযোগ আর চিৎকার স্থানীয়ভাবে আছে, যা খবরেও উঠে এসেছে।

এখন প্রশ্ন উঠবে এটা কে বন্ধ করবে? প্রত্যেকবারের মতো নরম-মৃদু ও প্রতিশ্রুতিশীল প্রতিশ্রুতি আর নয়।

চাই সাম্যবিচারের কঠোর বাস্তব পদক্ষেপ নিয়মিত, তীব্র ও স্বচ্ছ উচ্ছেদ অভিযান; কন্ট্রোলড মার্কেট বা হকার জোন নিয়ে আসা; নির্দিষ্ট পার্কিং এবং স্ট্যান্ড নির্মাণ; আর সবচেয়ে জরুরি প্রশাসন ও স্থানীয় রাজনীতির উল্লম্ব অনুগততা কাটিয়ে জনগণের অধিকার পুনঃপ্রতিষ্ঠা। এই পদক্ষেপগুলো না নিলে সড়কগুলো চিরকালের মতো "দখলদার বরণীয়" হয়ে থাকবে। সর্বশেষে, এটা মনে রাখা দরকার সড়ক জনগণের।

মেহেরপুরের মানুষ যদি এখন চুপ করে থাকে, তবে আগামী সিদ্ধান্তগুলোও দখলদারদের হয়ে যাবে; আর প্রশাসন তখন 'দৃঢ় পদক্ষেপ' বলে বিকৃত কাগজেই আরেকবার সই করবে। দেশের প্রান্তের এই শহরেও যদি আইন ও নীতি থাকে তাহলে তা এখানেই প্রয়োগ করতে হবে, শক্ত হাতে, আর রাজনৈতিক অনুকম্পার বাইরে রেখে। না হলে কেবল কলামে শব্দ নয় বাস্তবে সড়করা হারিয়ে যাবে।

( ভারপ্রাপ্ত সম্পাদক, আমাদের সূর্যোদয়)

# ৯টি কবিরা গুনাহের জন্য পরকালে জাহান্নাম

মুহাম্মদ আল আমিন

কবিরা গুনাহ বলা হয়, যে গুনাহর জন্য পার্থিব জীবনে হদ বা শাস্তি নির্ধারণ করে দেওয়া হয়েছে, যেমন নিরপরাধ মানুষ হত্যা, ব্যভিচার, চুরি ইত্যাদি। কিংবা যে পাপের জন্য পরকালে জাহান্নাম বা আল্লাহর ক্রোধ কিংবা অভিসম্পাতের কারণ বলে ভীতি প্রদর্শন করা হয়েছে, যেমন সুদ খাওয়া, মাতা-পিতার অবাধ্য হওয়া ইত্যাদি। এগুলো কবিরা গুনাহ। তায়সাল ইবনে মায়্যাস রহ. থেকে বর্ণিত, তিনি বলেন, আমি যুদ্ধ-বিগ্রহে লিপ্ত ছিলাম। আমি কিছু পাপকাজ করে বসি যা আমার মতে কবিরা গুনাহের শামিল। আমি তা ইবনে ওমর রা.-এর কাছে উল্লেখ করলে তিনি জিজ্ঞেস করেন, তা কি? আমি বললাম, এই এই ব্যাপার। তিনি বলেন, এগুলো কবীরা গুনাহর অন্তর্ভুক্ত নয়। কবীরা গুনাহ নয়টি যথা : ১. আল্লাহর সাথে শরীক করা। ২. মানুষ হত্যা। ৩. জিহাদের ময়দান থেকে পালিয়ে যাওয়া। ৪. সতী-সাধ্বী নারীর বিরুদ্ধে ব্যভিচারের মিথ্যা অপবাদ রটানো।

৫. সূদ খাওয়া। ৬. ইয়াতীমের মাল আত্মসাৎ করা। ৭. মসজিদে ধর্মদ্রোহী কাজ করা। ৮. ধর্ম নিয়ে উপহাস করা এবং ৯. সন্তানের অসদাচরণ যা পিতা-মাতার কান্নার কারণ হয়। ইবনে ওমর রা. আমাকে বলেন, তুমি কি জাহান্নাম থেকে দূরে থাকতে এবং জান্নাতে প্রবেশ করতে চাও? আমি বললাম, আল্লাহর শপথ! আমি তাই চাই। তিনি বলেন, তোমার পিতা-মাতা কি জীবিত আছেন? আমি বললাম, আমার মা জীবিত আছেন। তিনি বলেন, আল্লাহর শপথ! তুমি তার সাথে নম্র ভাষায় কথা বললে এবং তার ভরণপোষণ করলে তুমি অবশ্যই জান্নাতে প্রবেশ করবে, যদি কবিরা গুনাহগুলো থেকে বিরত থাকো। গুনাহ হয়ে গেলে তওবার নামাজ পড়া উচিত সবার। হাদিসে আল্লাহর রাসুল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেন, 'যদি কেউ গুনাহ করে ফেলে, তারপর পবিত্রতা অর্জন করে দুই রাকাত সালাত আদায় করে; আর আল্লাহর কাছে ক্ষমা প্রার্থনা করে, তবে আল্লাহ ক্ষমা করে দেন।'

## শিক্ষাবিদ ও সমাজসেবক আব্দুল

(প্রথম পৃষ্টার পর)

মহিলা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর আব্দুল আল আমিন ধুমকেতু, মেহেরপুর সদর উপজেলার নির্বহী অফিসার খাইরুল ইসলাম, মেহেরপুর মহিলা কলেজের সাবেক অধ্যক্ষ আশরাফুল হক, মেহেরপুর জেলা বিএনপির সাথারণ সম্পাদক অ্যাড. কামরুল হাসান, খলিলুর রহমান জোয়াদ্দারসহ বিভিন্ন শিক্ষাবিদ, সামাজিক ও রাজনৈতিক ব্যক্তিত্ব জানাজায় অংশ নিয়ে শেষ শ্রদ্ধা জানান।

## দেশে ফিরলেন সেনাপ্রধান

(প্রথম পৃষ্টার পর)

চ্যালেঞ্জসমূহ মোকাবিলায় মতবিনিময় এবং আঞ্চলিক সংকটে সমন্বিত পদক্ষেপ গ্রহণের বিষয়ে আলোচনা করেন।

এ সম্মেলনে সেনাবাহিনী প্রধান ইন্দো-প্যাসিফিক অঞ্চলের বহুমাত্রিক চ্যালেঞ্জ মোকাবিলায় প্রতিযোগিতার পরিবর্তে অংশীদারিত্ব ও সহযোগিতার ওপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তিনি মানবিক দৃষ্টিভঙ্গি, পেশাদারিত্ব ও গঠনমূলক সম্পৃক্ততার মাধ্যমে আঞ্চলিক শান্তি ও স্থিতিশীলতায় বাংলাদেশ সেনাবাহিনীর অঙ্গীকার পুনর্ব্যক্ত করেন।

সফরকালে সেনাবাহিনী প্রধান যুক্তরাষ্ট্রের আর্মি প্যাসিফিক কমান্ডের কমান্ডিং জেনারেল রোনাল্ড প্যাট্রিক ক্লার্ক ও এবং মালয়েশিয়ার সেনাবাহিনী প্রধান জেনারেল মুহাম্মদ হাফিজুদ্দিন জন্তনের সঙ্গে পৃথকভাবে সৌজন্য সাক্ষাৎ করেন।

এ দুই সাক্ষাৎ অনুষ্ঠানে তিনি বাংলাদেশ সেনাবাহিনীর আধুনিকায়ন ও সক্ষমতা বৃদ্ধি, পেশাগত উন্নয়ন ও প্রশিক্ষণ, প্রতিরক্ষা উৎপাদনে প্রযুক্তি হস্তান্তর, রোহিঙ্গা প্রত্যাবাসন, আঞ্চলিক ও বৈশ্বিক নিরাপত্তা বিষয়ক পারস্পরিক সহযোগিতা এবং যৌথ প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়াদি আলোচনা করেন।

## গাংনীতে পূজামণ্ডপ পরিদর্শন করলেন

(প্রথম পৃষ্টার পর)

প্রশাসক পূজার অগ্রগতি, ভক্তদের নিরাপত্তা এবং আইন-শৃঙ্খলা পরিস্থিতি খতিয়ে দেখেন। তিনি আইন-শৃঙ্খলা বাহিনী ও আনসার সদস্যদের কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং পূজা আয়োজকদের সঙ্গে মতবিনিময় করেন। এ সময় তিনি বলেন, "ধর্ম যার যার, উৎসব সবার। সাম্প্রদায়িক সম্প্রীতির এই ঐতিহ্যকে আরও সুদৃঢ় করতে প্রশাসন সর্বদা তৎপর থাকবে।" পরিদর্শনকালে উপস্থিত ছিলেন গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা আনোয়ার হোসেন, জেলা মুক্তিযোদ্ধা কমান্ডের আহ্বায়ক বীর মুক্তিযোদ্ধা শামসুল আলম সোনা, পূজা উদযাপন পরিষদের নেতা সুশান্ত কুমার পাত্র, অশোক চন্দ্র বিশ্বাসসহ স্থানীয় হিন্দু সম্প্রদায়ের গণ্যমান্য ব্যক্তিবর্গ। নিরাপত্তা দায়িত্বে নিয়োজিত পুলিশ ও আনসার সদস্যরাও এসময় মণ্ডপে অবস্থান করছিলেন। পূজামণ্ডপে আগত ভক্তরা জেলা প্রশাসককে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এবং প্রশাসনের নিয়মিত সহযোগিতার জন্য কৃতজ্ঞতা প্রকাশ করেন। তারা জানান, জেলা প্রশাসনের সরেজমিন পরিদর্শন উৎসবের আনন্দকে আরও প্রাণবন্ত করেছে। পূজা আয়োজকরা জানান, গাংনীতে প্রতিবছরের মতো এবারও সাড়ম্বরে দুর্গাপূজা অনুষ্ঠিত হচ্ছে। তবে দর্শনার্থীর ভিড় সামাল দিতে নিরাপত্তা ব্যবস্থার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়েছে। এ সময় সাধারণ মানুষের মধ্যেও উৎসবের আমেজ ছড়িয়ে পড়ে। গাংনী কেন্দ্রীয় পূজা মণ্ডপে সাম্প্রদায়িক সম্প্রীতি ও ভ্রাতৃত্ববোধের এক অনন্য দৃষ্টান্ত প্রতিফলিত হয়।

## গাংনীতে ইয়াবাসহ আটক-১

(প্রথম পৃষ্টার পর)

আটক করে।গ্রেফতারকৃত আসামির বিরুদ্ধে মেহেরপুর জেলার গাংনী থানায় ২০১৮ সালের মাদকদ্রব্য নিয়ন্ত্রন আইনের ৩৬(১) সারণির ১০(ক) ধারায় একটি মামলা দায়ের করা হয়েছে এবং তাকে গাংনী থানায় হস্তান্তর করা হয়েছে। এ ধরণের অবৈধ মাদক উদ্ধার অভিযান সচল রেখে মাদকমুক্ত বাংলাদেশ গঠনে র‍্যাব-১২, সিপিসি-৩, বদ্ধপরিকর।

## মুজিবনগরে ধানের শীষের পক্ষে

(প্রথম পৃষ্টার পর)

কথা যা তাদের ভাষায় গণতন্ত্র পুনরুদ্ধার ও জনগণের অধিকার প্রতিষ্ঠার রূপরেখা। বক্তাদের অভিযোগ, বর্তমান সরকার কেড়ে নিয়েছে মানুষের ভোটাধিকার। তাই পরিবর্তনের শপথে তারা উচ্চারণ করলেন একটাই প্রতীকধানের শীষ।"জনগণ আজ পরিবর্তন চায়, ঐক্যের পথেই মুক্তি" এই বার্তা বুকে নিয়েই নেতাকর্মীরা আহ্বান জানালেন সবাইকে শীষের পতাকার তলে একত্র হওয়ার। বিএনপির ঘোষিত ৩১ দফা বাস্তবায়নই দেশের গণতন্ত্র পুনরুদ্ধার, জনগণের অধিকার প্রতিষ্ঠা এবং একটি কল্যাণমূলক রাষ্ট্র গঠনের রূপরেখা। এ সময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট কামরুল হাসান, জেলা বিএনপির সাবেক সদস্য আলমগীর খান সাতু জেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক ও মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম মেহেরপুর সদর উপজেলা বিএনপি'র সভাপতি অধ্যাপক ফয়েজ মোহাম্মদ সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুর ইসলাম পৌর বিএনপির সভাপতি লতিফ বিশ্বাস সহ জেলা ও উপজেলা বিএনপি, অঙ্গ ও সহযোগী সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা।

## গাংনী শহরে সৌন্দর্যবর্ধন কার্যক্রমের

(প্রথম পৃষ্টার পর)

করা হয়। উদ্বোধনকালে উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন বলেন, "গাংনী পৌরসভা এলাকাকে একটি পরিচ্ছন্ন ও আধুনিক শহরে রূপান্তরিত করাই আমাদের লক্ষ্য। রাস্তার দু'পাশে সবুজায়ন ও সৌন্দর্য বর্ধন কার্যক্রম শহরের পরিবেশ রক্ষায় যেমন ভূমিকা রাখবে, তেমনি বাড়াবে শহরের নান্দনিক সৌন্দর্য।" প্রকৌশলী শামীম রেজা জানান, প্রধান সড়কগুলোর দুই পাশে ফুল ও ছায়াদানকারী গাছ রোপণ করা হবে। পাশাপাশি ডিভাইডারে রঙিন লাইট ও ঝাড়বাতি বসিয়ে রাতে আলোকসজ্জার ব্যবস্থা করা হবে। এতে শহরে প্রবেশকারী সবার চোখে একটি ভিন্নধর্মী পরিবেশ ফুটে উঠবে। স্থানীয়রা এই উদ্যোগকে স্বাগত জানিয়ে বলেন, দীর্ঘদিন ধরে সৌন্দর্য বর্ধনের দাবি ছিল সাধারণ মানুষের। রাস্তার দু'পাশে সবুজ গাছপালা ও আলো ঝলমলে পরিবেশে গাংনী নতুন রূপে সাজবে। সংশ্লিষ্টদের দাবি, আগামী কয়েক মাসের মধ্যেই পুরো কাজ শেষ হবে।

## জাতিসঙ্ঘে ড. মুহাম্মদ ইউনূস

১১টি স্বাধীন সংস্কার কমিশন গঠন করা হয়েছে। এসব কমিশনের সুপারিশ বাস্তবায়নে জাতীয় ঐকমত্য কমিশন গঠন করে ৩০টিরও বেশি রাজনৈতিক দল ও জোটকে সম্পৃক্ত করা হয়। এরই ধারাবাহিকতায় গত জুলাই মাসে সর্বদলীয় 'জুলাই ঘোষণা'র মাধ্যমে সময়াবদ্ধ সংস্কার অঙ্গীকার গৃহীত হয়েছে। তিনি বলেন, "এ অঙ্গীকারের ফলে আগামী নির্বাচনে যে দলই ক্ষমতায় আসুক না কেন, সংস্কার কার্যক্রম বাধাহীনভাবে চলবে। বাংলাদেশের গণতন্ত্র আর কখনো হুমকির মুখে পড়বে না।" প্রধান উপদেষ্টা নিশ্চিত করেন, আগামী ফেব্রুয়ারিতে জাতীয় নির্বাচন অনুষ্ঠানের প্রস্তুতি চলছে। ড. ইউনূস তার বক্তব্যে মিয়ানমারের চলমান সংঘাত এবং দীর্ঘমেয়াদি রোহিঙ্গা সংকটকে আঞ্চলিক স্থিতিশীলতার বড় হুমকি হিসেবে তুলে ধরেন। তিনি জানান, আট বছর পার হলেও সংকটের কোনো সমাধান হয়নি। বরং বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গাদের পরিস্থিতি তহবিল সংকটের কারণে মারাত্মকভাবে অবনতির পথে। তিনি সতর্ক করে বলেন, বিশ্ব খাদ্য কর্মসূচির তহবিল ঘাটতির কারণে শিগগিরই রোহিঙ্গাদের মাসিক রেশন অর্ধেকে নামতে পারে, যা অনাহার ও নিরাপত্তা ঝুঁকি বাড়াবে। এজন্য তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি নতুন তহবিল সহায়তা এবং মিয়ানমারের ওপর দ্রুত রাজনৈতিক সমাধানের জন্য চাপ বাড়ানোর আহ্বান জানান। প্রধান উপদেষ্টা বলেন, "গাজায় শিশুরা না খেয়ে মরছে, হাসপাতাল ও স্কুল ধ্বংস হচ্ছে এটি আমাদের চোখের সামনেই একটি গণহত্যা। কিন্তু মানবজাতি এর অবসানে যথাযথ ভূমিকা রাখছে না।" তিনি আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার মাধ্যমে দ্বিরাষ্ট্র সমাধান বাস্তবায়নের জোর দাবি জানান। ড. ইউনূস শান্তিরক্ষায় বাংলাদেশের অবদান তুলে ধরে জানান, বর্তমানে প্রায় ৬ হাজার বাংলাদেশি শান্তিরক্ষী জাতিসঙ্ঘের অধীনে দায়িত্ব পালন করছেন, যেখানে ইতোমধ্যে ১৬৮ জন জীবন উৎসর্গ করেছেন। তিনি জাতিসঙ্ঘ শান্তিরক্ষা কার্যক্রমের জন্য স্পষ্ট ম্যান্ডেট ও পর্যাপ্ত বাজেট নিশ্চিত করার আহ্বান জানান। তিনি সতর্ক করেন, বিভ্রান্তিকর প্রচারণা, ঘৃণাত্মক বক্তব্য ও কৃত্রিম বুদ্ধিমত্তা-নির্ভর 'ডিপফেক' মানুষের আস্থা ও সামাজিক সম্প্রীতিকে দুর্বল করছে। তাই এসব মোকাবিলায় বৈশ্বিকভাবে ঐক্যবদ্ধ প্রচেষ্টা জরুরি। শেষে প্রধান উপদেষ্টা বলেন, "আমরা একটি শান্তির সংস্কৃতি গড়ে তুলতে চাই, যেখানে সহনশীলতা, অহিংসা, সংলাপ ও সহযোগিতার মূল্যবোধ সর্বত্র প্রতিষ্ঠিত হবে।

## আমঝুপি নুরাণী ও হাফিজিয়া

(প্রথম পৃষ্টার পর)

অতিথি হিসেবে উপস্থিত ছিলেন পরিচালনা পরিষদের সদস্য হাজী বশির আহম্মেদ, শরিফুর জামান, মাসুদ রানা ও অভিভাবক লিটন। অনুষ্ঠানে হাফেজ সমাপনি পরীক্ষায় সাফল্য অর্জনকারী পাঁচ শিক্ষার্থীকে কোরআন শরীফ পুরস্কার এবং এক বছরের নিয়মিত পাঁচ ওয়াক্ত নামাজ জামাতে আদায় করার জন্য চার শিক্ষার্থীকে বিশেষ পুরস্কার প্রদান করা হয়। পুরস্কারপ্রাপ্ত হাফেজ শিক্ষার্থীরা হলেন মোঃ আবির, মোঃ সোলাইমান, মোঃ লিমন, আব্দুস সামাদ ও মোঃ আলভি। নামাজে নিয়মিততার জন্য পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন ওয়াজ করনি, মোঃ জুনায়েদ, মোঃ সাকলাইন ও মোঃ রেদাউন। বক্তারা বলেন, এ ধরনের পুরস্কার শিক্ষার্থীদের মধ্যে ইতিবাচক প্রতিযোগিতা সৃষ্টি করবে এবং তাদের নামাজ ও পড়াশোনায় আরও মনোযোগী হতে উদ্বুদ্ধ করবে। অনুষ্ঠানে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকরা উপস্থিত ছিলেন।

## কনফার্ম ফেব্রুয়ারিতে নির্বাচন হবে

(প্রথম পৃষ্টার পর)

আমাদের কোনো দ্বিধা নেই। আমরা নিশ্চিত ২০২৬ সালের ফেব্রুয়ারিতে নির্বাচন হবে।" তিনি আরও বলেন, "প্রথমবারের মতো বিরোধী রাজনৈতিক দলগুলোকে জাতিসংঘে সরকারের কাজের সঙ্গে সম্পৃক্ত করে নেওয়া হয়েছে। সেখানে মূল উদ্দেশ্য ছিল জাতির ঐক্য প্রকাশ করা, যা বাংলাদেশের জন্য অত্যন্ত প্রয়োজনীয়। আমরা সর্বাত্মক সহযোগিতা করেছি এবং আমাদের নেতা তারেক রহমানও এটিকে সমর্থন করেছেন।" সংবাদদাতাদের পিআর (পার্লামেন্টারি রিফর্ম) সংক্রান্ত প্রশ্নের জবাবে ফখরুল বলেন, "আমরা নিম্নকক্ষের পিআরের পক্ষে নেই, এবং ওপরের দিকেও এখনই কিছু বলা হয়নি। তবে ভবিষ্যতে বিষয়গুলো আলোচনা করে সমস্যার সমাধান করা যেতে পারে।" এ সময় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবিরও উপস্থিত ছিলেন।

## গাংনীতে পানিতে ডুবে স্কুলছাত্রের

(প্রথম পৃষ্টার পর)

সক্ষম হন। তবে ইয়াকুবকে আর উদ্ধার করা সম্ভব হয়নি। পরে স্থানী-য়রা খোঁজাখুঁজি করে তার মরদেহ নদী থেকে উদ্ধার করেন। গাংনী থানার অফিসার ইনচার্জ (ওসি) বানি ইসরাইল জানান, খবর পেয়ে ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় থানায় একটি অপমৃত্যুর মামলা রুজু করা হয়েছে।

## মেহেরপুরে কারিগরি শিক্ষার্থীদের

(প্রথম পৃষ্টার পর)

মোট আটটি উদ্ভাবনী প্রকল্প অংশগ্রহণ করে। প্রতিযোগিতায় প্রথম স্থান অর্জন করেন দ্বাদশ শ্রেণির শিক্ষার্থী মো. আবির আহসান তাঁর উদ্ভাবন "স্বল্পস্থানে সমন্বিত চাষাবাদ পদ্ধতি" প্রকল্পের মাধ্যমে। দ্বিতীয় স্থান অধিকার করেন দশম শ্রেণির শিক্ষার্থী মো. তানভির ইকবাল উদ্ভাবন "প্রাকৃতিক রং মেহেদীপাতা এর সাহায্যে ব্লক প্রিন্টিং" এবং তৃতীয় স্থান অর্জন করেন একই শ্রেণির শিক্ষার্থী মো. তৌফিক আহম্মেদ তাঁর প্রকল্প "ধাতব নিটের জন্য সহজ বেন্ডিং মেশিন" দিয়ে। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর বাস্তবায়নাধীন এসেট প্রকল্পের উদ্যোগে আয়োজিত এ প্রতিযোগিতার উদ্বোধন করেন প্রধান অতিথি মেহেরপুর সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর মো. আবদুল্লাহ আল আমিন ধুমকেতু। বিশেষ অতিথি ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজের প্রভাষক (পদার্থবিদ্যা) মো. খায়রুল ইসলাম এবং কারিগরি শিক্ষা অধিদপ্তরের সংযুক্ত কর্মকর্তা, এসেট প্রকল্পের মো. আকিব বিশ্বাস। অনুষ্ঠানের সভাপতিত্ব করেন মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের অধ্যক্ষ মো. আবদুল লতিফ মিয়া। বক্তারা বলেন, "কারিগরি শিক্ষার্থীরা আজ নানা নতুন উদ্ভাবনের মধ্য দিয়ে নিজেদের দক্ষতা তুলে ধরছে। এই দক্ষতার চর্চা দেশের শিল্প ও অর্থনৈতিক অগ্রগতিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।" "শিক্ষার্থীদের সৃজনশীলতা কেবল প্রতিযোগিতার মধ্যেই সীমাবদ্ধ নয়, বরং তা জাতীয় উন্নয়নে কার্যকর ভূমিকা রাখতে পারে।" উল্লেখ্য, দেশব্যাপী সরকারি-বেসরকারি পলিটেকনিক ইনস্টিটিউট এবং সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজসহ মোট ২২৭টি প্রতিষ্ঠানে একযোগে এই প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে। এর অংশ হিসেবে মেহেরপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজেও দিনব্যাপী এই আয়োজন সম্পন্ন হয়। আগামী অক্টোবর ও নভেম্বর মাসে অনুষ্ঠিত হবে আঞ্চলিক পর্ব এবং ডিসেম্বর মাসে অনুষ্ঠিত হবে জাতীয় পর্ব। চূড়ান্ত পর্বে বিজয়ীদের হাতে তুলে দেওয়া হবে আকর্ষণীয় পুরস্কার।

## দুর্গাপূজায় গাংনীতে কঠোর নিরাপত্তায়

(প্রথম পৃষ্টীর পর)

কর্মকর্তা সাইদুর রহমানসহ স্থানীয় আনসার সদস্যরা উপস্থিত ছিলেন। ইউএনও আনোয়ার হোসেন বলেন, "ধর্মীয় সম্প্রীতি ও সামাজিক শান্তি রক্ষায় সবার আগে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। দায়িত্ব পালনে সততা, আন্তরিকতা ও নিষ্ঠার সঙ্গে কাজ করতে হবে।" তিনি প্রতিটি মণ্ডপে নিয়মিত টহল, সিসি ক্যামেরা তদারকি, রাত্রীকালীন পাহারা এবং সাধারণ জনগণের সঙ্গে শালীন আচরণ বজায় রাখার নির্দেশ দেন। গাংনী উপজেলায় এবার মোট ১৮টি পূজা মণ্ডপে দুর্গোৎসব হবে। এর মধ্যে কয়েকটি 'অধিক গুরুত্বপূর্ণ' এবং বাকিগুলো 'গুরুত্বপূর্ণ' হিসেবে চিহ্নিত করা হয়েছে। প্রতিদিন 'অধিক গুরুত্বপূর্ণ' মণ্ডপে ৮ জন করে এবং 'গুরুত্বপূর্ণ' মণ্ডপে ৬ জন করে আনসার-ভিডিপি সদস্য দায়িত্ব পালন করবেন। আগামী ২ অক্টোবর পর্যন্ত এ নিরাপত্তা কার্যক্রম চলবে।

## মেহেরপুরে বিএনপি'র গণসংযোগ

(প্রথম পৃষ্টার পর)

অনুষ্ঠিত হয়। পথসভায় কেন্দ্রীয় বিএনপি নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুণ প্রধান অতিথি ছিলেন। বিশেষ অতিথি ছিলেন সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা শ্রমিক দলের সভাপতি আহসান আবিব সোনা, তাঁতি দলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু ও জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজি। মাসুদ অরুণ বলেন, "অনেকে পিআর পদ্ধতিতে নির্বাচন চায়, কিন্তু মেহেরপুরের মানুষ ভোট দেবে আর নেতা হবে ঢাকায়ড়এটি গ্রহণযোগ্য নয়। বিএনপি দীর্ঘ ১৭ বছর মানুষের ভোটের অধিকার প্রতিষ্ঠার জন্য লড়াই করেছে এবং প্রয়োজনে আবারও করবে।" তিনি আরও বলেন, দেশ শহীদ জিয়ার পরিবারের হাতে নিরাপদ এবং জনগণের অধিকারও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে নিরাপদ থাকবে।

## মেহেরপুরে রেড ক্রিসেন্টের দুর্যোগ

(প্রথম পৃষ্টার পর)

তারিকুল ইসলাম, সরকারি কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীর। অনুষ্ঠানের ব্যবস্থাপনা করেন রেড ক্রিসেন্ট ইউনিটের যুব প্রধান খন্দকার বদরুদ্দোজা। প্রশিক্ষণে অংশ নেবেন পিরোজপুর ও শরীয়তপুর ইউনিটের অভিজ্ঞ প্রশিক্ষকরা। আগামী চার দিনে অংশগ্রহণকারীরা দুর্যোগ ব্যবস্থাপনা, প্রাথমিক চিকিৎসা, উদ্ধার কার্যক্রম ও স্বেচ্ছাসেবামূলক কার্যক্রমে হাতে-কলমে প্রশিক্ষণ গ্রহণ করবেন।

# নির্বাচনে পক্ষপাত আচরণ বরদাশত করবে না ইসি

সূর্যোদয় প্রতিবেদন

আগামী জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে নিরপেক্ষভাবে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন নির্বাচন কমিশনাররা। তারা স্পষ্ট করে বলেছেন, কোনো ধরনের পক্ষপাত আচরণ বরদাশত করা হবে না। এ ধরনের আচরণের দায়ভার সংশ্লিষ্ট কর্মকর্তাকেই বহন করতে হবে। শনিবার (২৭ সেপ্টেম্বর) দুপুরে রাজধানীর আগারগাঁও নির্বাচন ভবনে বাংলাদেশ ইলেকশন কমিশন অফিসার্স অ্যাসোসিয়েশন আয়োজিত 'নির্বাচন কর্মকর্তা সম্মেলন-২০২৫' অনুষ্ঠিত হয়। এতে সারাদেশ থেকে প্রায় সাড়ে আটশ উপজেলা, জেলা ও আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা অংশ নেন। প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) এ এম এম নাসির উদ্দিন বলেন, "কমিশনের ওপর সরকারের পূর্ণ আস্থা রয়েছে। আমরা বহু দৃশ্যমান ও অদৃশ্যমান বিষয় নিয়ে কাজ করছি। কোনো দলের পক্ষ নিয়ে বেআইনি নির্দেশনা দেওয়া হবে না। আগামী নির্বাচন বিশেষ পরিস্থিতিতে অনুষ্ঠিত হচ্ছে, তাই প্রস্তুতিও নিতে হবে বিশেষভাবে।" সম্মেলনে নির্বাচন কমিশনার আবুল ফজল মোহাম্মদ সানাউল্লাহ বলেন, "নির্বাচন ব্যবস্থা ভেঙে পড়েছে। আগামী ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন হবে সবচেয়ে বড় চ্যালেঞ্জ।" তিনি কর্মকর্তাদের সতর্ক করে দেন যেন কোনোভাবেই জনগণের আস্থা নষ্ট হয় না। নির্বাচন কমিশনার আনোয়ারুল ইসলাম সরকার বলেন, "১০ মাস ১০ দিনে কমিশন প্রমাণ করেছে, নির্বাচন কমিশনের মেরুদণ্ড আছে। আমরা কারও প্রতি রাগ-অনুরাগ নিয়ে কাজ করি না।" অন্যদিকে কমিশনার রহমানেল মাছউদ ধর্মীয় মূল্যবোধের দৃষ্টিকোণ থেকে কর্মকর্তাদের উদ্দেশে বলেন, "সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন কমিশনের ওপর একটি আমানত। এর খেসারত শুধু ইহকালেই নয়, পরকালেও দিতে হবে।" তিনি আরও যোগ করেন, "ভালো নির্বাচন করার বিকল্প নেই। কমিশনের পিঠ দেয়ালে ঠেকে গেছে।" সম্মেলনে ইসি কর্মকর্তারা জনগণের ভোটের প্রতি আস্থা ফিরিয়ে আনতে সর্বোচ্চ সহযোগিতার আশ্বাস দেন। একইসঙ্গে তারা কমিশনের কাছে নিজেদের বিভিন্ন দাবি তুলে ধরেন। নির্বাচন কমিশনাররা স্পষ্ট বার্তা দিয়েছেন, এবারের নির্বাচন আন্তর্জাতিক মানদণ্ডে সুষ্ঠু ও নিরপেক্ষভাবে আয়োজন করা ছাড়া আর কোনো পথ খোলা নেই।

# নির্বাচনের আগেই কমিশনের নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হচ্ছে: সারজিস আলম

সূর্যোদয় প্রতিবেদন

নির্বাচনের আগেই নির্বাচন কমিশনের স্বচ্ছতা ও নিরপেক্ষতা প্রশ্নবিদ্ধ হয়ে পড়ছে বলে মন্তব্য করেছেন ন্যাশনালিস্ট কংগ্রেস পার্টি (এনসিপি)'র উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। শনিবার (২৭ সেপ্টেম্বর) দুপুরে পঞ্চগড় জেলা শহরের মকবুলার রহমান সরকারি কলেজে এক বিতর্ক উৎসবে অংশ নিয়ে সাংবাদিকদের তিনি এ মন্তব্য করেন। সারজিস আলম বলেন, "নির্বাচন কমিশন সর্বশেষ বলেছে তারা শাপলা প্রতীক দেবে না, এর কারণও ব্যাখ্যা করবে না। আসলে তাদের কাছে যৌক্তিক আইনগত কোনো কারণ নেই। এজন্য তারা ব্যাখ্যা করতে পারছে না। নিশ্চয়ই তারা কোনো চাপে এই শাপলা মার্কা দিচ্ছে না। অভ্যুত্থান-পরবর্তী বাংলাদেশে নির্বাচন কমিশনের মতো স্বাধীন একটি প্রতিষ্ঠান যদি প্রতীক বরাদ্দে চাপের কাছে পরাজিত হয়, তাহলে নির্বাচনের স্বচ্ছতা ও নিরপেক্ষতা শুরু হওয়ার আগেই প্রশ্নবিদ্ধ হয়ে যায়।" তিনি আরও বলেন, "আমরা শাপলা প্রতীক অন্তর্ভুক্ত করার আবেদন করেছি। যেহেতু আইনগত কোনো বাধা নেই, তাই আশা করি এনসিপি শাপলা প্রতীক পাবে।" আওয়ামী লীগের বর্তমান রাজনৈতিক অবস্থান প্রসঙ্গে সারজিস আলম বলেন, "বাংলাদেশে আওয়ামী লীগের চ্যাপ্টার ক্লোজড। তারা পাচার করা টাকা পাঠিয়ে মাঝে মধ্যে টোকাই মিছিল দেওয়াচ্ছে। এগুলো আওয়ামী লীগের আসল মিছিল নয়। আগে তাদের প্রোগ্রামে ভাড়া করা লোক দেখানো হতো। যদি সত্যিই তাদের শক্তি থাকত, তাহলে জুলাই অভ্যুত্থানের সময় মাঠে নামত।" গণঅধিকার পরিষদ ও এনসিপির সম্ভাব্য একীভূতকরণ প্রসঙ্গে তিনি বলেন, "আমরা যেহেতু সমমনা, কাছাকাছি আদর্শ ও তরুণ প্রজন্মের রাজনৈতিক দল, তাই কিভাবে নির্বাচনে একসঙ্গে লড়াই করা যায়, সে বিষয়ে আলোচনা চলছে। বাংলাদেশের মানুষ তরুণ প্রজন্মকে ঐক্যবদ্ধ দেখতে চায়। আলোচনাটি ইতিবাচকভাবে এগোচ্ছে। আশা করি, নির্বাচনে ঐক্যবদ্ধ হয়ে অংশগ্রহণ করে জনগণের সমর্থন নিয়ে আমরা সংসদে প্রতিনিধিত্ব করব।"

# ভারতকে হারানোর নীল নকশা তৈরি: পাকিস্তান কোচ

সূর্যোদয় প্রতিবেদন

আজ রবিবার (২৮ সেপ্টেম্বর) এশিয়া কাপের ফাইনালে মুখোমুখি হবে ভারত ও পাকিস্তান। এশিয়া কাপের ইতিহাসে প্রথমবারের মতো ফাইনালে মুখোমুখি হতে যাচ্ছে এই দুই দল। চলতি এশিয়া কাপে তৃতীয়বার মুখোমুখি হতে চলেছে ভারত-পাকিস্তান। আগের দুই দেখায় ভারতের কাছে পাত্তাই পায়নি পাকিস্তান। দুই ম্যাচেই দাপট দেখিয়ে জয় তুলে নেয় সূর্যকুমার যাদবের দল। তবে ফাইনালে ভারতকে হারানোর নীল নকশা তৈরি আছে বলে জানিয়েছেন পাকিস্তান দলের কোচ মাইক হেসন। বাংলাদেশকে হারিয়ে এশিয়া কাপের ফাইনালে উঠে তিনি বলেন, আমি ওদের (ক্রিকেটারদের) খেলার দিকে মন দিতে বলেছি। আমরা শুধু ক্রিকেট নিয়েই ভাবি। সেটাই আমাদের কাজ। ভারত-পাকিস্তান ম্যাচে আলাদা চাপ, আলাদা উত্তেজনা কাজ করে। তার প্রভাবে মাঠে কিছু বিতর্ক হতেই পারে। তবে আমরা ক্রিকেটের বাইরে কিছু ভাববো না। ফাইনালে ভারতকে হারাতে বেশ আত্মবিশ্বাসী পাকিস্তান কোচ। তিনি বলেন, আমাদের যোগ্যতায় আমরা ফাইনালে উঠেছি। এবার আমাদের কাজ হল সেটার সদ্ব্যবহার করা। ভারতকে হারানোর নীল নকশা তৈরি। মাঠে সেটা করে দেখাতে হবে। হেসন আরও বলেন, আমরা ১৪ ও ২১ তারিখ খেলেছি। সেই দুইদিন হারতে হয়েছে। প্রথম ম্যাচে আমরা ওদের খেলা নিয়ন্ত্রণ করার সুযোগ দিয়েছি। দ্বিতীয় ম্যাচে আমরা অনেকক্ষণ ওদের চাপে রেখেছিলাম। কিন্তু আসল হল রবিবারের ম্যাচ। আমাদের ট্রফি জেতার সুযোগ রয়েছে। সেটাই আমাদের লক্ষ্য। আমরা সেই ম্যাচে নিজেদের সেরা দেওয়ার চেষ্টা করবো।

## তেড়েফুঁড়ে, নিয়ন্ত্রণহীন ব্যাটিংই হারিয়েছে বাংলাদেশকে: আশরাফুল

সূর্যোদয় প্রতিবেদন

হার-জিত খেলার অংশ। তবে কিছু পরাজয় এতটাই তিক্ত যে মেনে নেওয়া কঠিন হয়ে পড়ে। পরপর ভারত ও পাকিস্তানের বিপক্ষে দুটি হারের স্বাদ পেয়েছে বাংলাদেশ ক্রিকেট দল। ২৫ সেপ্টেম্বর দুবাইতে ভারতের শক্তিশালী ব্যাটিং লাইনআপকে মাত্র ১৬৮ রানে থামিয়েও জয়ের দেখা মেলেনি। সেই হতাশা কাটতে না কাটতেই ২৬ সেপ্টেম্বর রাতে পাকিস্তানকে মাত্র ১৩৫ রানে বেঁধে দেওয়ার পরও ১১ রানে হেরে যায় লাল-সবুজের প্রতিনিধিরা।